আমার স্বাস্থ্য অধিকার

বুদ্ধি-প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নির্দেশিকা

AUSTRALIAN COMMISSION
ON SAFETY AND QUALITY IN HEALTH CARE

Caring for Cognitive Impairment

অস্ট্রেলিয়ার স্বাস্থ্য অধিকার সনদে (Australian Healthcare Charter of Rights) বর্ণিত নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যসেবা গ্রহণকালে বুদ্ধি-প্রতিবন্ধী ব্যক্তিদের নিরাপত্তা ও সেবাসহায়তা পাওয়ার অধিকার রয়েছে।

অস্ট্রেলিয়ার স্বাস্থ্য অধিকার সনদে (Australian Healthcare Charter of Rights) স্বাস্থ্যসেবার সবপর্যায়ে প্রযোজ্য সকল মানুষের অধিকারসমূহ বর্ণনা করা হয়েছে।

সনদটিতে আপনার বা অন্য কেউ যিনি আপনার সেবার আওতায় থাকেন, সেবালাভ কালে উভয়ের প্রত্যাশাসমূহ বর্ণনা করা হয়েছে।

নির্দেশিকাটি বুদ্ধি-প্রতিবন্ধী ব্যক্তি, সেবাদাতা, পরিবারবর্গ এবং সহায়তাপ্রদানকারী ব্যক্তিদের জন্য প্রস্তুত করা হয়েছে। এই তথ্যপত্রটির উদ্দেশ্য হ'ল আপনি যখন হাসপাতালে এবং অন্যান্য স্বাস্থ্যসেবা পরিবেশে থাকবেন তখন আপনাকে সুরক্ষিত রাখা এবং সাহায্য পাওয়ার বিষয়ে আরও তথ্য প্রদান করা।

বুদ্ধি-প্রতিবন্ধকতা বলতে কি বুঝায়?

ডিমেনশিয়া বা স্মৃতি লোপ, ডেলিরিয়াম বা মানসিক বৈকল্য, মস্তিষ্কে আঘাত প্রাপ্তি, স্ট্রোক বা বুদ্ধিবৃত্তিক বৈকল্য ইত্যাদির কারণে যে কোনও বয়সে লোকেরা বুদ্ধি-প্রতিবন্ধকতার শিকার হতে পারে।

বুদ্ধি-প্রতিবন্ধকতার ফলে কারো স্মৃতি লোপ পাওয়ার মতো স্থায়ী অথবা মানসিক বৈকল্যের মতো অস্থায়ী অভিজ্ঞতা হতে পারে।

বুদ্ধি-প্রতিবন্ধী ব্যক্তিদের স্মৃতিশক্তি, আবেগ প্রকাশ, চিন্তার ক্ষমতা ও যোগাযোগ করার ক্ষেত্রে সমস্যা হতে পারে। বুদ্ধি-প্রতিবন্ধকতা বিভিন্ন প্রকারের হতে পারে এবং প্রতিটি ব্যক্তির অভিজ্ঞতা ভিন্ন হতে পারে।

ডিমেনশিয়াসহ বুদ্ধি প্রতিবন্ধকতায় আক্রান্ত কোন ব্যক্তির, হাসপাতালে অবস্থানকালে ডেলিরিয়াম বা মানসিক বৈকল্যের শিকার হওয়ার সম্ভাবনাও বেশি থাকে।

আমাকে কী কী জানতে হবে?

স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলিকে বুদ্ধি-প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উচ্চমানের স্বাস্থ্য পরিবেশ সরবরাহ এবং তাদের সুরক্ষা প্রদান নিশ্চিত করতে হবে।

ক্ষতির হাত থেকে গ্রাহকদের সুরক্ষা প্রদান এবং স্বাস্থ্যসেবার মান উন্নত করার জন্য জাতীয় সুরক্ষা এবং মানসম্পন্ন স্বাস্থ্যসেবার আটটি মানদন্ড চিহ্নিত করা হয়েছে। মানদন্ডগুলি রোগীদের জন্য যত্নের মাত্রা নির্ধারণ করে এবং স্বাস্থ্যসেবা পরিবেশে এগুলির উপস্থিতি নিশ্চিত করা আবশ্যক।

স্বাস্থ্যসেবা পরিবেশে বুদ্ধি-প্রতিবন্ধী ব্যক্তিদের নিরাপদ রাখতে এবং তাদের সহায়তা পাওয়া নিশ্চিত করতে বিভিন্ন গোষ্ঠী এক সাথে কাজ করছে। এর মধ্যে বুদ্ধি-প্রতিবন্ধী, সেবা কার্যে সহায়ক ব্যক্তিবর্গ, পরিবারের সদস্য এবং স্বাস্থ্যকর্মীগণ অন্তর্ভুক্ত রয়েছেন।

আপনার **ইন্টারপ্রিটার বা দোভাষী এবং অনুবাদ পরিষেবাদির** সাহায্য পাওয়ার অধিকার রয়েছে। **আপনার জন্য এই পরিষেবাগুলির প্রয়োজন আছে কিনা**, স্বাস্থ্যসেবা কর্মীদের তা জানা খুব গুরুত্বপূর্ণ।

সপ্তাহে 7 দিন 24 ঘন্টা ইন্টারপ্রিটার বা দোভাষী এবং অনুবাদ পরিষেবাগুলি পাওয়া যায়ঃ ফোন 131 450

আমি কী কী করতে পারি?

মানসিক বৈকল্যসহ বুদ্ধি প্রতিবন্ধকতার শিকার ব্যক্তিদের জন্য

ডাক্তার, নার্স এবং অন্যান্য স্বাস্থ্যসেবীদের নিকট আপনার বলার অধিকার রয়েছেঃ

- যদি কখনো আপনি স্বাভাবিক অনুভব না করেন
- কী কী সাহায্য আপনার প্রয়োজন
- আপনার কাছে কোন বিষয়টি গুরুত্বপূর্ণ
- আপনার চিকিৎসায় অগ্রাধিকারসমূহ
- আপনার অধিক মানের যত্নের পরিকল্পনা
- আপনার বর্তমান ঔষধপথ্যসমূহ

আপনার অবস্থা, বিভিন্ন পরীক্ষা এবং চিকিৎসার সম্ভাব্য উপকারিতা এবং ঝুঁকি সম্পর্কে স্পষ্ট তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে, যাতে আপনি জেনেবুঝে সম্মতি দিতে পারেন।

আপনার সিদ্ধান্ত গ্রহণে অংশ নেওয়ার এবং সেটি করতে সমর্থ হওয়ার জন্য সাহায্যলাভের অধিকার রয়েছে। আপনি যদি চিকিৎসায় সম্মতি দিতে অসমর্থ হন, তবে জরুরী অবস্থা ব্যতীত অন্য ক্ষেত্রে আপনার বিকল্প বা আইনগতভাবে বৈধ সিদ্ধান্ত গ্রহণকারীর কাছ থেকে চিকিৎসার সম্মতি গ্রহণ করা চিকিৎসাকর্মীদের জন্য আবশ্যক।

যদি আপনি চান, তবে সেবাপ্রদানকারী, পরিবারের কোনও সদস্য বা সহায়তাকারী ব্যক্তিকে (চিকিৎসাকার্যে) অন্তর্ভূক্ত করতে আপনি বলতে পারেন।

নিরাপদ, শান্ত ও মর্যাদাপূর্ণ পরিবেশে চিকিত্সালাভে আপনার অধিকার আছে।

আপনার সেবাকালে কোন ত্রুটি হলে আপনার সেটি জানার অধিকার রয়েছে।

পরিবারের সদস্য এবং সেবা প্রদানকারীদের জন্য

পরিবারের সদস্য বা সেবাপ্রদানকারী হিসাবে, আপনি নিরাপদ এবং উঁচুমানের সেবা নিশ্চিতে অবদান রাখতে পারেন এবং স্বাস্থ্যসেবা পরিবেশে থাকাকালীন আপনার যত্ন নেওয়া ব্যক্তিটির প্রাপ্য সেবা এবং নিরাপত্তা নিশ্চিতে সাহায্য করতে পারেন। সেবাপ্রাপ্ত ব্যক্তির প্রয়োজন এবং পছন্দের অগ্রাধিকার সেবাকার্যে আপনার অংশগ্রহণে সর্বদা প্রতিফলিত হওয়া উচিৎ।

আপনার দায়িত্ব হলোঃ

- ভর্তির সময় বা হাসপাতালে অবস্থানকালে কোনও সময় আপনার সেবা লাভকারী ব্যক্তি নিজের স্বাভাবিক অবস্থায় না থাকলে সেটি স্বাস্থ্যসেবা কর্মীদের জানান।
- উক্ত ব্যক্তির দৈনন্দিন কার্যক্রম, কোন ধরণের সেবা সহায়ক হতে পারে এবং আপনার অনুপস্থিতিতে কীভাবে তাদের সুষ্ঠু সেবা নিশ্চিত করা যায় সে সম্বন্ধে স্বাস্থ্যসেবা কর্মীদের জানান।
- প্রেসক্রিপশন অনুযায়ী এবং প্রেসক্রিপশন বহির্ভুত ব্যবহার্য ঔষধ ও তাদের মাত্রাগুলির সর্বশেষ তালিকা হাসপাতালে সরবরাহ করুন এবং সেসমস্ত ঔষধগুলি হাসপাতালে নিয়ে আসুন।

আত্মীয় এবং সেবাপ্রদানকারী অন্যরা কি করতে পারেন?

স্বাস্থ্যসেবা কর্মীদের সাথে **কথা বলুন** যদি আপনার যত্ন নেওয়া ব্যক্তিটি স্বাভাবিক অবস্থায় না থাকেন

আপনার প্রিয়জনকে দিন, তারিখ এবং পরিস্থিতি সম্পর্কে **স্মরণ করিয়ে দিন**

চশমা, শ্রবণ যন্ত্র, চলাফেরায় সাহায্যকারী বস্তু এবং আলগা দাঁত হাতের কাছে **রাখুন**

বর্তমানে ব্যবহার্য্য ঔষধগুলি আপনার সঙ্গে **আনুন**

আত্মীয়, বন্ধু এবং পরিচিত বিষয়সমূহ নিয়ে **আলাপ করুন**

সূত্র দেখুন।

স্বাস্থ্যসেবা গ্রহনকালে বুদ্ধি-প্রতিবন্ধী ব্যক্তিদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সহায়তা প্রদান করা একটি সত্যিকারের সমস্যা।

- সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সম্পন্ন ব্যক্তির নিজস্ব জীবন সম্পর্কে **স্বাধীন** সিদ্ধান্ত নেওয়ার অধিকার রয়েছে।
- যদি কোনও ব্যক্তি নিজের সিদ্ধান্ত নিতে সমর্থ না হন, তবে তাদের সাহায্য পাওয়ার অধিকার রয়েছে এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তার পছন্দের একজন সাহায্যকারী ব্যক্তি যেমন পারিবারিক পরিচর্যাকারী বা বন্ধুর সহায়তা লাভের অধিকার রয়েছে - **এটিকে সমর্থিত সিদ্ধান্ত গ্রহণ বলে।.**
- যখন কোনও ব্যক্তির সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা থাকে না তখন আগাম অন্য কাউকে উক্ত ব্যক্তি বা ট্রাইব্যুনাল দ্বারা নিয়োগ করা যেতে পারে, অথবা যদি কাউকে নিযুক্ত করা না হয়ে থাকে তবে রাষ্ট্র ও আঞ্চলিক আইনের অধীনে কাউকে নিয়োগ করা যেতে পারে, - এটিকে **বিকল্প সিদ্ধান্ত গ্রহণ** বলে।

যেখানে সম্ভব, চিকিৎসা এবং চলমান সেবা সম্পর্কে সিদ্ধান্তে অংশ নিতে আপনার যত্ন নেওয়া সেই ব্যক্তির কাছ থেকে সম্মতি নেওয়া উচিত। আলোচনায় যতটা সম্ভব ব্যক্তিকে যুক্ত করুন।

আমি কী কী আশা করতে পারি?

স্বাস্থ্যসেবা কর্মীদের কাছ থেকে

সকল স্বাস্থ্যসেবা কর্মীগণ যখনই প্রয়োজন হবে কোনও দোভাষী বা অনুবাদ পরিষেবাগুলিতে তাদের সাহায্যলাভের সুযোগ সহ বুদ্ধি-প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নিরাপদ, সম্মানজনক এবং উচ্চ মানের সেবা প্রদান করবেন।

সকল স্বাস্থ্যসেবা সংস্থাগুলিকে যখন রোগীর বুদ্ধি-প্রতিবন্ধকতা থাকে তখন তাকে সনাক্ত করতে হয় এবং উক্ত ব্যক্তি, সেবাদানকারী এবং পরিবারের সাথে নিরাপদ, শান্ত ও সম্মানজনক পরিবেশে কাজ করতে হয়।

জাতীয় সুরক্ষা এবং মানসম্পন্ন স্বাস্থ্যসেবার মানদন্ড অনুযায়ী, সকল স্বাস্থ্যসেবা সংস্থার বুদ্ধি-প্রতিবন্ধকতা সনাক্তের পরীক্ষা করা এবং রোগীর বুদ্ধিমাত্রার পরিবর্তন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। স্বাস্থ্যসেবা কর্মীদের মানসিক বৈকল্যের ঝুঁকিতে থাকা ব্যক্তিদের সনাক্ত করতে হবে এবং অবশ্যই স্ট্যান্ডার্ড 5: সর্বাত্মক সেবামানের প্রয়োজন অনুযায়ী ক্ষতির মাত্রা ন্যূনতম রাখায় পদক্ষেপ গ্রহণ করতে হবে।



যদি পরিকল্পনাগুলি কাজ না করে?

মতামত এবং অভিযোগ জানানোর প্রক্রিয়া

হাসপাতাল সহ স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলি আপনার মতামতের মূল্য দেয়। এটি প্রতিষ্ঠানকে তাদের ভালো কাজ গুলি সম্পর্কে এবং আর কী উন্নতি করতে হতে পারে সে সম্পর্কে জানতে সাহায্য করে। আপনার যত্ন সম্পর্কে বা আপনার যত্ন নেওয়া ব্যক্তি সম্পর্কে যদি অভিযোগ থাকে তবে সরাসরি স্বাস্থ্যসেবা সংস্থার সাথে এটি সমাধান করার চেষ্টা করুন। যদি সংস্থাটি কোনও প্রতিক্রিয়া না জানায় বা আপনি যে প্রতিক্রিয়া পেয়েছেন তাতে সন্তুষ্ট না হন তবে আপনি নিজ রাজ্যের স্বাস্থ্য কর্তৃপক্ষের অভিযোগ সংক্রান্ত বিভাগে যোগাযোগ করতে পারেন।

যদি সব কিছু পরিকল্পনা মাফিক না ঘটে তবে **ওপেন ডিসক্লোজার** নামে একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া রয়েছে। ওপেন ডিজক্লোজার হচ্ছে স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থা এবং ক্ষতিগ্রস্থ ব্যক্তি, তাদের পরিবার, তত্ত্বাবধায়ক এবং অন্যান্য সহায়তাকারী ব্যক্তির মধ্যে সেবাগ্রহণ কালে সংগঠিত কোন ঘটনা সম্পর্কে আলোচনা। ওপেন ডিজক্লোজার সম্পর্কে অধিকতর জানতে, দয়া করে পরবর্তী পৃষ্ঠায় আরও তথ্য দেখুন।

আমি আরও তথ্য কোথায় পেতে পারি?

কতিপয় প্রয়োজনীয় ওয়েবসাইটের ঠিকানা

- অস্ট্রেলিয়ার স্বাস্থ্যসেবা অধিকার সনদ (Australian Healthcare Charter of Rights): **safetyandquality.gov.au/australian-charter-healthcare-rights**
- গ্রাহকদের জন্য ওপেন ডিজক্লোজার সম্পর্কিত তথ্যাবলীঃ **safetyandquality.gov.au/our-work/clinical-governance/open-disclosure/implementing-open-disclosure-framework/open-disclosure-resources-consumers**
- সেইফ হেলথ কেয়ার বা নিরাপদ স্বাস্থ্য সেবা পেতে কতিপয় পরামর্শঃ: **safetyandquality.gov.au/publications-and-resources/resource-library/top-tips-safe-health-care**
- বুদ্ধি-প্রতিবন্ধকতায় সেবা পেতেঃ: **cognitivecare.gov.au**
- ডিমেনশিয়া অস্ট্রেলিয়া (Dementia Australia): হেল্পলাইন সোমবার থেকে শুক্রবার, সকাল ৪:00টা থেকে রাত ৪:00টা পর্যন্ত 1800 100 500: **dementia.org.au**
- এডভান্স কেয়ার প্লানিং অস্ট্রেলিয়া (Advance Care Planning Australia): **advancecareplanning.org.au/#/**
- কগনিটিভ ডিক্লাইন পার্টনারশীপ সেন্টার (Cognitive Decline Partnership centre): **cdpc.sydney.edu.au/research/planning-decision-making-and-risk**
- অস্ট্রেলিয়ান ডেলিরিয়াম এ্যাসোসিয়েশন (Australian Delirium Association): **delirium.org.au**
- ব্রেইন ইনজুরি অস্ট্রেলিয়া (Brain Injury Australia): 1800 272 461: **braininjuryaustralia.org.au**

তথ্যসূত্রঃ

1. Sinclair C, Field S, Williams K, Blake M, Bucks RS, Auret K, Clayton J, Kurrle S. Supporting decision-making: A guide for people living with dementia, family members and carers Sydney: CDPC; 2018.

2. Dementia Australia থেকে সংকলিত।

প্রাপ্তিস্বীকার

Dementia Australia, ডিমেনশিয়া বা স্মৃতি বিভ্রমে আক্রান্ত ব্যক্তিবর্গ এবং তাদের সেবা প্রদানকারীদের সমন্বয়ে এই তথ্যসমূহ প্রস্তুত করা হয়েছে।

Caring for Cognitive Impairment

কতিপয় প্রয়োজনীয় সংজ্ঞাঃ

স্বাস্থ্যসেবা পরিবেশের মধ্যে রয়েছে সরকারী ও বেসরকারী হাসপাতাল, দীবাকালীন শল্য বিভাগ বা ডে সার্জারি, বহির্মুখী পরিষেবা, পুনর্বাসন এবং ডেন্টাল হাসপাতাল এবং এই স্বাস্থ্যসেবা পরিবেশের মধ্যে গমনাগমন।

ডিমেনশিয়া বা স্মৃতি লোপ হলো কতিপয় উপসর্গের সমাহার যা মস্তিস্ককে প্রভাবিত করে এমন ব্যাধি দ্বারা সৃষ্ট হয়। এটি নির্দিষ্ট কোন রোগ নয়। ডিমেনশিয়া চিন্তাভাবনা, আচরণ এবং প্রতিদিনের কার্য সম্পাদন করার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। মস্তিষ্কের কার্যকারিতা যথেষ্ট বিঘ্নিত হয় যাতে ব্যক্তির স্বাভাবিক সামাজিক, আবেগময় বা কর্মজীবনে তার প্রভাব পড়ে।

মানসিক বৈকল্য একটি অস্থায়ী অবস্থা। একজন ব্যক্তি বিভ্রান্ত, দিশেহারা এবং মনোসংযোগে অক্ষম বোধ করতে পারেন। চিকিত্সা না করা হলে ডেলিরিয়ামের গুরুতর পরিণতি হতে পারে, তবে কারণগুলি খুঁজে পাওয়া গেলে এবং চিকিত্সা করা হলে রোগমুক্তি সম্ভব হতে পারে। ঔষধ, সংক্রমণ, পানিশূন্যতা বা কোষ্ঠকাঠিন্যের কারণে মানসিক বৈকল্য হতে পারে।

আরো তথ্যের জন্য পরিদর্শন করুন

safetyandquality.gov.au/your-rights